# বাংলাদেশ জাতীয় সংসদ

অতীব জরুরী

২০১৭ সালের ৩১ মে, বুধবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ৫২ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নবনির্মিত নাটোর টেক্সটাইল ইন্সটিটিউট এর নাম পরিবর্তন করিয়া বঙ্গবন্ধু শেখ মুজিব টেক্সটাইল ইন্সটিটিউট করিবার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করিবেন কিনা?

* ৫৩ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সিরাজগঞ্জ জেলায় কোনো কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

* ৫৪ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জাতিসংঘের আন্তর্জাতিক শিশু অধিকার সনদ ও শিশুনীতির সঙ্গে সঙ্গতি রাখিয়া শিশু আইন সংশোধন ও যথাযথ বাস্তবায়নের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

Nilphamari

* ৫৫ । জনাব মোঃ আফতাব উদ্দিন সরকার (নীলফামারী-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা নীলফামারী-১ আসনের ডোমার-ডিমলা উপজেলায় আপনার মন্ত্রণালয়ের অধীন যেই সকল রাস্তা আছে সেইগুলি উন্নয়ন ও সংস্কার করিবার পরিকল্পনাগুলি কী কী; উপজেলাভিত্তিক তালিকা কী?

* ৫৬ । জনাব নুরুল ইসলাম মিলন (কুমিল্লা-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশে কর্মক্ষম নয় এমন মহিলাদের সংখ্যা কত; তাহাদের কর্মক্ষম করিয়া গড়িয়া তুলিবার ব্যাপারে সরকারের কর্মসূচী কী কী; শিশুর প্রকৃত সঙ্গা কী বর্তমানে বাংলাদেশে শিশুর সংখ্যা কত, শিশুদের লেখাপড়া সম্প্রসারণের ব্যাপারে সরকার কতটুকু যত্নবান?

Mymensingh

* ৫৭ । জনাব ফাহ্‌মী গোলন্দাজ বাবেল (ময়মনসিংহ-১০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকাধীন গফরগাঁও টু ভালুকা বাইপাস সড়ক প্রকল্পের সর্বশেষ অগ্রগতি কী?

Pabna

* ৫৮ । খন্দকার আজিজুল হক আরজু (পাবনা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাবনা জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী উহার হিসাব কী?

ACE, All

* ৫৯ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার চলতি অর্থ বছরের এই পর্যন্ত দেশে ছোট বড় কতটি সেতু নির্মাণ করিয়াছে; জেলাওয়ারী হিসাব কী; এবং নতুন কোনো সেতু নির্মাণের পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, তাহা কী?

* ৬০ । বেগম লুৎফা তাহের (মহিলা আসন-৪০) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, অভ্যন্তরীণ বাজারে পাট ও পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধি করিতে এবং পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করিতে সরকার কোন উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

ACE, BMW
SE, P&P

* ৬১ । বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকার দেশে চলতি অর্থ বছরে কোনো বড় ধরণের সেতু নির্মান করিবার পরিকল্পনা করিয়াছে কিনা; করিলে, তাহা কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।



নং-৩৬৫৫-সং:সং:
তা:- ২৯/৫/১৭

আতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/বরিশাল/
খুলনা/রংপুর/গোপালগঞ্জ/ময়মনসিংহ জোন/
BMW/ ...

প্রকল্প পরিচালক, সওজ
ঢাকা চট্টগ্রাম ৪-লেন/জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন/ ... ৩য় শীতলক্ষ্যা/ ৩য় কর্ণফুলী/
পায়রা সেতু/ কাজিরটেক সেতু/ বিআ...
/ সাসেক/ ২য় কাঁচপুর, মেঘনা, গোমতী সেতু/ ফেনী পটুয়া/ ...

উল্লেখিত প্রতিবেদন আগামী ২২/০৫/২০১৭ তরিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

২১/৫/২০১৭
(খন্দকার গোলাম মোস্তফা)
পরিচিতি নং-০০৫৪০১
নির্বাহী প্রকৌশলী (অ: দা:),
...

* ৬২ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলায় কতজন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে; উপজেলাওয়ারী হিসাব কী?

* ৬৩ । জনাব মোঃ নুরুল ইসলাম সুজন (পঞ্চগড়-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের পাট চাষীদের পাটের ন্যায্যমূল্যে পাওয়ার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; না হইলে, কারণ কী?

* ৬৪ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিদেশে পাট রপ্তানির জন্য কোনো দেশের সাথে বাংলাদেশের রপ্তানী চুক্তি আছে কিনা; থাকিলে, উক্ত দেশের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করিয়াছে?

* ৬৫ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেল ব্যবস্থার উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ কী কী; এবং আগামী পরিকল্পনা কী?

* ৬৬ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় মাদারীপুর সদর ও কালকিনি উপজেলার শিক্ষিত মেয়েদের প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৬৭ । জনাব কামরুল আশরাফ খান (নরসিংদী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নরসিংদী জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; বর্তমান অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ৬৮ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝালকাঠি জেলার রাজাপুর এবং কাঠালিয়া উপজেলার দরিদ্র মহিলাদের জন্য দুই উপজেলায় দুইটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৬৯ । জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রামসহ দেশের প্রতিটি অঞ্চলের সঙ্গে রেলপথে চলাচলের সুবিধার জন্যে ট্রেনের সংখ্যা বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাড়ানো হইবে?

SE, Monitoring

* ৭০ । জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশের প্রতিটি ইউনিয়নের সহিত উপজেলা সদরের যোগাযোগ ব্যবস্থা উন্নয়নকল্পে নূতন কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) উত্তর হাঁ সূচক হইলে, তাহা কী; কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

Panchagar

* ৭১ । জনাব নাজমুল হক প্রধান (পঞ্চগড়-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে পঞ্চগড় জেলায় কোনো সড়ক সংস্কার ও নির্মাণের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, হিসাব কী?

* ৭২ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ও পথ শিশুদের পুনর্বাসনের লক্ষ্যে বর্তমান সরকারের কোনো কার্যক্রম চালু আছে কিনা; থাকিলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৭৩ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বস্ত্র উৎপাদনের পরিমাণ কত; এবং বস্ত্রের চাহিদা কত; দেশে উৎপাদিত বস্ত্রে চাহিদা পূরণ হয় কিনা?

* ৭৪ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-দেওয়ানগঞ্জ রেল লাইনকে ডাবল লাইন উন্নীত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; হ্যাঁ হইলে, কবে নাগাদ কাজ শুরু করা হইবে; না হইলে, কারণ কী?

* ৭৫ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পটুয়াখালী জেলার গলাচিপা ও দশমিনা উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইয়া থাকিলে, চলমান প্রকল্পের নাম এবং উপকারভোগীর সংখ্যা কত?

* ৭৬ । জনাব মোঃ আবুল কালাম (নাটোর-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা থেকে রাজশাহী এবং ঢাকা থেকে সৈয়দপুর গামী রেলপথ ডাবল লাইন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন হইবে।

* ৭৭ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা শহরে মহিলাদের চলাচলের সুবিধার জন্য পর্যাপ্ত পরিমাণ বিআরটিসি বাস সার্ভিস বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

Sub-Regional Transport Inspectorate

* ৭৮ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের উত্তর অঞ্চলের হাইওয়ে সড়কগুলি চার লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; না করিলে, গ্রহণ করা হইবে কিনা?

* ৭৯ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শরীয়তপুর জেলায় দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কারণ কী?

Chittagong

* ৮০ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা চট্টগ্রাম-৩ সন্দ্বীপ উপজেলার অভ্যান্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে নতুন কোনো রাস্তাকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ৮১ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলায় জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম সম্প্রসারণ করিবার লক্ষ্যে সরকারের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা; দুঃস্থ অসহায় ও ভাগ্য বিড়ম্বিত নারীদের জীবনমান উন্নয়নে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় গোপালগঞ্জ জেলায় এই পর্যন্ত কী কী কার্যক্রম পরিচালনা করিয়াছে?

Dhaka

* ৮২ । জনাব হাবিবুর রহমান মোল্লা (ঢাকা-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যাত্রাবাড়ী মোড় থেকে ডেমরার সুলতানা কামাল ব্রীজ পর্যন্ত রাস্তাটি ফোরলেন করিবার পরিকল্পনা রহিয়াছে কিনা; থাকিলে, কবে নাগাদ এই কাজ শুরু হইবে?

Meherpur

* ৮৩ । বেগম সেলিনা আখতার বানু (মহিলা আসন-৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে মেহেরপুর জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; এবং কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com-এর ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৮৪ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,
(ক) চলতি অর্থ বছরে দেশের পাটকলগুলিতে পাট পণ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা কত নির্ধারণ করিয়াছে; এবং
(খ) উক্ত লক্ষ্যমাত্রা গত অর্থ বছরের তুলনায় কত কম বা বেশী; এই যাবৎ লক্ষ্যমাত্রার কতভাগ অর্জিত হইয়াছে?

* ৮৫ । বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বরিশাল জেলায় কোন কর্মজীবি মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কারণ কী?

* ৮৬ । মিঃ মোহাম্মদ আব্দুল মুনিম চৌধুরী (হবিগঞ্জ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় আমার নির্বাচনী এলাকা ২৩৯ হবিগঞ্জ-১ এর নবীগঞ্জ ও বাহুবল উপজেলায় কতজন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহাদের নাম ও ঠিকানা কী?

* ৮৭ । জনাব মোঃ নবী নেওয়াজ (ঝিনাইদহ-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ঝিনাইদহ জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহা কী?

[Chittagong Dohazari] * ৮৮ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

[SE, P&P] * ৮৯ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিশ্বব্যাংকের অর্থায়নে সড়ক ও জনপথ বিভাগের অধীনে কোনো প্রকল্প চালু আছে কিনা; থাকিলে, তাহা কী?

[Kurigram] * ৯০ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম থেকে চিলমারী পর্যন্ত রাস্তাটি ১৮ ফিট থেকে ২৪ ফিট প্রশস্ত করিবার বিষয়ে আমাকে আশ্বাস দিয়াছিলেন। এই ব্যাপারে একটি ডিও পত্র দিয়াছি। রাস্তাটির কাজ এখনো শুরু করা হয়নি। কবে নাগাদ উক্ত রাস্তাটির কাজ শুরু করা হইবে এবং কবে নাগাদ শেষ হইবে?

* ৯১ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পর্যটন নগরী কক্সবাজার পর্যন্ত রেল লাইন স্থাপন প্রকল্পের অগ্রগতি কোন পর্যায়ে রহিয়াছে; কবে নাগাদ তাহা বাস্তবায়ন সম্ভব হইবে?

* ৯২ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সম্প্রতি পাট দিয়া পলিথিন তৈরী করিবার কাজ শুরু করা হইয়াছে। দ্রুত এর ব্যবহার প্রচলনে উদ্যোগ নেওয়া হইবে কিনা?

[Mymensingh] * ৯৩ । জনাব শরীফ আহমেদ (ময়মনসিংহ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার তারাকান্দা ও ফুলপুর উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, হিসাব কী?

[Mymensingh] * ৯৪ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com অনতিবিলম্বে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৯৫ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট চাষীদের সুবিধার্থে পাট চাষের জন্য কত টাকা ঋণ প্রদান করা হইয়াছে?

* ৯৬ । সেলিনা বেগম (মহিলা আসন-৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলযাত্রীদের সেবার মান উন্নয়নে গত ৮ বছরে সরকার কী কী পদক্ষেপ নিয়াছে?

Naogaon

* ৯৭ । জনাব সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নওগাঁ জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের অধীনে কোনো প্রকল্প করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যায় বরাদ্দ কত; এবং উক্ত প্রকল্পের বর্তমান অবস্থান কী?

* ৯৮ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) সারাদেশের অসহায় নারী ও শিশুদের সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপ কী কী; এবং

(খ) গৃহীত পদক্ষেপের বাস্তবায়নের অগ্রগতি কী?

* ৯৯ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বন্ধ পাটকলের সংখ্যা কত; উক্ত বন্ধ পাটকলগুলি চালু করিবার কোনো উদ্যোগ সরকার গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; না করিলে, কারণ কী?

Bhola

* ১০০ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান অর্থ বছরে ভোলা জেলার দৌলতখান ও বোরহানউদ্দিন উপজেলায় আমার মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ উহা বাস্তবায়ন হইবে?

* ১০১ । জনাব আবদুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে কুষ্টিয়া জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে,উপজেলাওয়ারী হিসাব কী?

Chittagong
Dohazari

* ১০২ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলায় সড়ক পরিবহন বিভাগের আওতায় রাস্তার পরিমাণ কত; এবং কোনো রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ১০৩ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিভাগীয় ও জেলা শহরসহ দেশের বিভিন্ন গার্মেন্টস অধ্যুষিত এলাকায় নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণির কর্মজীবী নারীর শিশু সন্তানদের পরিচর্যার জন্য ডে-কেয়ার সেন্টার ও দিবাযত্ন কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

Kurigram
Jamalpur

* ১০৪ । জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রৌমারী, রাজিবপুর, ধানুয়া-কমলাপুর সড়কটি দুই লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

Jessore

* ১০৫ । কাজী নাবিল আহমেদ (যশোর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, হিসাব কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Chandpur

*১০৬ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁদপুর জেলার উপজেলা পর্যায়ে চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

ACE, BMW/SE P&P

*১০৭ । জনাব মোঃ সোহরাব উদ্দিন (কিশোরগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নিরবচ্ছিন্ন জাতীয় মহাসড়ক নেটওয়ার্ক গড়িয়া তুলিবার লক্ষ্যে দেশের প্রধান প্রধান নদীসমূহের ওপর সেতু নির্মাণ করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

*১০৮ । মিসেস আমিনা আহমেদ (মহিলা আসন-৩৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, পাটের গবেষণা ও উন্নয়নে যুগান্তকারী সাফল্য অর্জিত হইয়াছে; হাঁ হইলে, দেশী পাটের জীবন রহস্য উন্মোচিত করণের লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

*১০৯ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের জন্য এবং যানবাহন চলাচল নিরপদ-এর নিমিত্ত রেল ক্রসিংসমূহে প্রহরী নিশ্চিতকরণসহ তাহা আধুনিকায়নের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

*১১০ । বেগম হোসনে আরা লুৎফা ডালিয়া (মহিলা আসন-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পাটজাত পণ্য বিদেশে রপ্তানী করা হইতেছে কিনা; হইলে, তাহার তালিকা কি; এবং দেশে উক্ত পণ্য ব্যাপক ব্যবহার বৃদ্ধি করিবার লক্ষ্যে কোনো উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

*১১১ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় দুঃস্থ অসহায় মহিলাদের জন্য কোন আর্থিক অনুদান দেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী; এবং প্রতিটি ইউনিয়নে প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রশিক্ষণ সেন্টার নির্মাণ করা হইবে কিনা?

*১১২ । জনাব সেলিম উদ্দিন (সিলেট-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাটের পাতা হইতে চা উৎপাদন, বিপনন, বাজারজাতকরণ এবং পাটের গুণাগুণ সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের নিমিত্ত সরকার কোনো পদক্ষেপ/কর্মসূচী গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; না করিলে, কারণ কী?

*১১৩ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে রেশম শিল্পের সম্প্রসারণকল্পে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপসমূহ কী কী; এবং বাস্তবায়ন অগ্রগতি কী; এবং ভবিষ্যৎ পরিকল্পনা কী?

Rajshahi

*১১৪ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

*১১৫ । জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগাঁ-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ জেলায় চলতি অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় দুঃস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে?

ঢাকা,
৭ জ্যৈষ্ঠ, ১৪২৪।
২১ মে, ২০১৭।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০১৭ সালের ৩১ মে, বুধবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

১৯। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২)ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণের আওতায় মানিকগঞ্জ জেলার সিংগাইর ও হরিরামপুর উপজেলায় কতজনকে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে; উপজেলাওয়ারী হিসাব কী?

২০। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২)ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে গত অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে আমার নির্বাচনী এলাকা সিংগাইর ও হরিরামপুর উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; এবং উপজেলাওয়ারী হিসাব কী?

EE, Road Safety

২১। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১)ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশে সড়ক দুর্ঘটনা এখন নিয়তি বলিয়াই মনে করিতেছেন সাধারণ যাত্রীরা; দেশে প্রতিবছর সড়ক দুর্ঘটনায় গড়ে ১২ হাজার লোক নিহত ও ৩৫ হাজার আহত হন; এবং উত্তর সত্য হইলে, উক্ত মৃত্যুর মিছিল বন্ধে সরকার কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা; করিলে, তাহা কী?

২২। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১)ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, ১৯ বছরেই দেশের দুই তৃতীয়াংশ মেয়ের বিয়ে হইতেছে; ২২ শতাংশ মেয়ে গর্ভবতী হইতেছে ১৫ বছর বয়সেই; যৌতুকের মাধ্যমে বাল্যবিবাহ হইতেছে ২৮ শতাংশ মেয়ের; ১১ শতাংশ মেয়ে নিপীড়নের শিকার হইতেছে; বাড়িতে বাচ্চা প্রসব করিতেছে ৬৫ শতাংশ মেয়ে আর ৯৯ শতাংশ মেয়ে পরিবার পরিকল্পনা সম্পর্কে জানলেও ৬৫ শতাংশ মেয়ে তাহা ব্যবহার করিতেছে;

(খ) "ক"-প্রশ্নের উত্তর সত্য হইলে, নারীর উন্নয়ণের এই সকল বিষয়ে উত্তোরণের লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

২৩। বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩)ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় গোপালগঞ্জ জেলায় মুকসুদপুর ও কাশিয়ানী উপজেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

২৪। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪)ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কোনো তাঁতী প্রশিক্ষণ কেন্দ্র রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কী; উক্ত প্রশিক্ষণ কেন্দ্র হইতে গত ৭ বছরে মোট কতজন তাঁতীকে প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে?

২৫। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩)ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের অটিষ্টিক শিশুদের কল্যাণার্থে আপনার মন্ত্রণালয়ের কোনো কর্মসূচী রহিয়াছে কিনা; এবং থাকিলে, তাহা কী?

Laxmipur

২৬। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪)ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষীপুর-৪ এর অন্তর্গত কমলনগর উপজেলাধীন মতিরহাট হইতে মজু চৌধুরীর হাট পর্যন্ত প্রায় ৪ কিঃ মিঃ রাস্তাটি সংস্কার করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ ইহার কাজ শুরু করা হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

২৭ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-সোনাপুর রুটে চলাচলকৃত আন্তঃ নগর উপকূল এক্সপ্রেসে স্লিপিং বার্থসহ প্রথম শ্রেণীর বগী সংযোজন করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ সংযোজন করা হইবে?

২৮ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষীপুর-৪ এর অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলায় উন্নতমানের পাট চাষের লক্ষ্যে সরকারি পর্যায়ে পাট চাষীদের সহায়তা প্রদানের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

২৯ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের মহিলাদের কর্মমুখী, আত্মনির্ভরশীল ও শিক্ষিত করিবার লক্ষ্যে কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

৩০ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সরকারি হিসাব অনুযায়ী দেশে বাস, মিনিবাস, ট্রাক, লরী, প্রাইভেট কারের মোট (ভিন্ন ভিন্নভাবে) সংখ্যা কত; এই খাত হইতে বার্ষিক আয়ের পরিমাণ কত?

৩১ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিশ্বের কয়টি দেশে পাট/পাটজাত দ্রব্য রপ্তানি হইতেছে; বৈদেশিক বাজারে পাটের নতুন ক্রেতা সৃষ্টির ক্ষেত্রে কোনো পদক্ষেপ নেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

Comilla/Chandpur

৩২ । জনাব মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়া (কুমিল্লা-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পেন্নাই হইতে বাবুরহাট রাস্তা সংস্কারের পরিকল্পনা আছে কিনা?

Jessore

৩৩ । মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর মাগুড়া রোডে আডপাড়া ব্রীজটি ৫ মাস যাবৎ ভগ্ন অবস্থায় আছে। কবে নাগাদ ব্রীজটি যাতায়াতের উপযুক্ত হইবে?

৩৪ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার পাটকলগুলি লাভজনক করিবার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করিলেও পাটকলগুলি অলাভজনকই রহিয়াছে। বর্তমান কতটি পাটকল অলাভজনক; কবে নাগাদ দেশের পাটকলগুলি লাভজনক করা সম্ভব হইবে?

Sylhet

৩৫ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলার সড়ক উন্নয়নে কোনো প্রকল্প বাস্তবায়িত হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তালিকা কী?

৩৬ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেল ভ্রমণে জনসাধারণের মধ্যে আগ্রহ দিন দিন বৃদ্ধি পাইতেছে। কিন্তু রেলের টিকেট সংগ্রহ করিতে জনসাধারণকে যথেষ্ট বিড়ম্বনায় পড়িতে হয়। এই টিকেট সহজে কিভাবে ক্রয় করা যায় তাহার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা?

৩৭ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় আপনার মন্ত্রণালয়ের অধীনে কোনো প্রকল্প চালু আছে কিনা; থাকিলে, তাহা কী?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

Nilphamari



৩৮ । জনাব মোঃ আফতাব উদ্দিন সরকার (নীলফামারী-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচন এলাকা নীলফামারী-১ আসনের ডোমার, বোড়াগাড়ী, গোপনাতি, চিলহাটি হইয়া ভাউলাগঞ্জ পর্যন্ত জরাজীর্ণ ও চলাচলের অনুপযোগী রাস্তা রহিয়াছে। এই রাস্তাটি কবে নাগাদ চলাচলের উপযোগী করা হইবে?

৩৯ । জনাব মোঃ আবুল কালাম (নাটোর-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট চাষীদের পাটের ন্যায্যমূল্য নিশ্চিত করিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয় হইতে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

ঢাকা,

৭ জ্যৈষ্ঠ, ১৪২৪।

২১ মে, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"